

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৬৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪৯ : নাবী (ﷺ) এর বাণীঃ কারো ফর্য সালাতে ত্রুটি থাকলে তা তার নফল সালাত দিয়ে পূর্ণ করা হবে

باب قَوْلِ النَّبِيّ صلى الله عليه وسلم كُلُّ صلَلَةٍ لَا يُتِمُّهَا صَاحِبُهَا تَتِمُّ مِنْ تَطَقُّعِهِ

#### আরবী

\_ حَدَّتَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّتَنَا إِسْمَاعِيلُ، حَدَّتَنَا يُونُسُ، عَنِ الْحَسَنِ، عَنْ أَنسِ بْنِ حَكِيمٍ الضَّبِّيِّ، قَالَ خَافَ مِنْ زِيَادٍ أَو ابْنِ زِيَادٍ فَأَتَى الْمَدِينَةَ فَلَقِيَ أَبَا هُرَيْرَةَ قَالَ فَنسَبَنِي فَانْتَسَبْتُ لَهُ فَقَالَ يَا فَتَى أَلَا أُحَدِّثُكَ حَدِيتًا قَالَ قُلْتُ بَلَى رَحِمَكَ اللهُ . قَالَ يُونُسُ أَحْسِبُهُ فَانْتَسَبْتُ لَهُ فَقَالَ يَا فَتَى أَلَا أُحَدِّثُكَ حَدِيتًا قَالَ قُلْتُ بَلَى رَحِمَكَ اللهُ . قَالَ يُونُسُ أَحْسِبُهُ ذَكَرَهُ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ أَوَّلَ مَا يُحَاسَبُ النَّاسُ بِهِ يَوْمَ الْقِيَامَةِ مِنْ أَعْمَالِهِمُ الصَّلَاةُ قَالَ يَقُولُ رَبُّنَا جَلَّ وَعَزَّ لِمَلَائِكَتِهِ وَهُو أَعْلَمُ انْظُرُوا فِي صَلَاةٍ عَبْدِي مِنْ أَعْمَالِهِمُ الصَّلَاةُ قَالَ يَقُولُ رَبُّنَا جَلَّ وَعَزَّ لِمَلَائِكَتِهِ وَهُو أَعْلَمُ انْظُرُوا فِي صَلَاةٍ عَبْدِي أَتَمَّهَا أَمْ نَقَصَهَا فَإِنْ كَانَتْ تَامَّةً كُتِبَتْ لَهُ تَامَّةً وَإِنْ كَانَ انْتَقَصَ مِنْهَا شَيْئًا قَالَ انْظُرُوا هَلُ الْعَبْدِي فَرِيضَتَهُ مِنْ تَطَوُّعِ فَإِنْ كَانَ لَهُ تَطَوَّعٌ قَالَ أَتِمُّوا لِعَبْدِي فَرِيضَتَهُ مِنْ تَطَوَّعٍ فَإِنْ كَانَ لَهُ تَطَوَّعٌ قَالَ أَتِمُوا لِعَبْدِي فَرِيضَتَهُ مِنْ تَطَوَّعِهِ ثُمَّ تُؤْخَذُ لَا الْأَعْمَالُ عَلَى ذَاكُمْ ".

\_ صحیح

#### বাংলা

৮৬৪। আনাস ইবনু হাকীম আদ্-দাব্বী হতে বর্ণিত। তিনি বলেন, তিনি যিয়াদ অথবা ইবনু যিয়াদের ভয়ে মদীনায় চলে আসেন এবং আবৃ হুরাইরাহ (রাঃ)-এর সাথে সাক্ষাৎ করেন। আবৃ হুরাইরাহ (রাঃ) আমাকে তাঁর বংশ পরিচয় দিলেন এবং আমিও আমার বংশ পরিচয় দিলাম। তিনি আমাকে বলেনঃ হে যুবক! আমি কি তোমার কাছে হাদীস বর্ণনা করব না? জবাবে আমি বলিঃ হ্যাঁ, আল্লাহ আপনার উপর রহম করুন! বর্ণনাকারী ইউনুস বলেন, আমার মনে হয়, তিনি এ হাদীস সরাসরি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কিয়ামতের দিন মানুষের 'আমলসমূহের মধ্যে সর্বপ্রথম তাদের সালাত সম্পর্কে হিসাব নেয়া হবে।



তিনি বলেনঃ আমাদের মহান রব্ব ফিরিশতাদের বান্দার সালাত সম্পর্কে জানা সত্ত্বেও জিজ্ঞেস করবেন, দেখো তো সে তা পরিপূর্ণভাবে আদায় করেছে নাকি তাতে কোন ত্রুটি রয়েছে? অতঃপর বান্দার সালাত পূণার্ক্স হলে পূণার্ক্সই লিখা হবে। আর যদি তাতে ত্রুটি থাকে তাহলে মহান আল্লাহ ফিরিশতাদের বলবেন, দেখো তো আমার বান্দার কোন নফল সালাত আছে কিনা? যদি থাকে তাহলে তিনি বলবেনঃ আমার বান্দার ফার্য সালাতের ঘাটতি তার নফল সালাত দ্বারা পরিপূর্ণ করো। অতঃপর সকল আমলই এভাবে গ্রহণ করা হবে (অর্থাৎ নফল দ্বারা ফার্যের ত্রুটি দূর করা হবে)।[1]

সহীহ।

# **English**

### Narrated AbuHurayrah:

Anas ibn Hakim ad-Dabbi said that he feared Ziyad or Ibn Ziyad; so he came to Medina and met AbuHurayrah. He attributed his lineage to me and I became a member of his lineage.

AbuHurayrah said (to me): O youth, should I not narrate a tradition to you? I said: Why not, may Allah have mercy on you?

(Yunus (a narrator) said: I think he narrated it (the tradition) from the Prophet (ﷺ):) The first thing about which the people will be called to account out of their actions on the Day of Judgment is prayer. Our Lord, the Exalted, will say to the angels - though He knows better: Look into the prayer of My servant and see whether he has offered it perfectly or imperfectly. If it is perfect, that will be recorded perfect.

If it is defective, He will say: See there are some optional prayers offered by My servant. If there are optional prayer to his credit, He will say: Compensate the obligatory prayer by the optional prayer for My servant. Then all the actions will be considered similarly.

# ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্নায়িম, অনুঃ সর্বপ্রথম বান্দার সালাতের হিসাব নেয়া হবে, হাঃ ১৪২৫), আহমাদ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন